

দুরালাপনী : অফিসঃ ২৫১৩৮০১-৩, ফ্যাক্সঃ ২৫১৩৮০৪
সিএন্ডএফ এজেন্টস্ হলঃ ৭১২১৭৬, ফ্যাক্সঃ ৭১৪১৩৭

Website- www.cnfctg.org, www.cnfctg.net
E-mail- cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আশ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

প্রচার পত্র নং- ১১/২০১৮

তারিখঃ ০৫/০২/২০১৮খ্রিঃ

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, কাস্টম হাউস, চট্টগ্রাম কর্তৃক নথি নং-এস-২-০৭/বিবিধ/এপি/সেকশন-১/১৩-১৪/২৭৭৯, তারিখঃ ৩১/০১/২০১৮ এর মাধ্যমে প্রেরিত বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ এর স্মারক নং-১৩.০২.০০০০.৫১০.১১.০০২.১৬.৭৫, তারিখঃ ২৫/০১/২০১৮ সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

স্বাক্ষরিত/-
মোহাম্মদ মুছা
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
৭১-৭২ ইস্কাটন গার্ডেন, ঢাকা
www.bfsa.gov.bd

নম্বর : ১৩.০২.০০০০.৫১০.১১.০০২.১৬.৭৫

তারিখঃ ২৫ জানুয়ারি ২০১৮

বিষয়ঃ আমদানিকৃত সকল গুঁড়ো দুধের শতভাগ চালানের হেভি মেটাল এর লেড (Pb) পরীক্ষা।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশে কিছু ব্র্যান্ডের গুঁড়ো দুধে ভয়াবহ মাত্রায় হেভি মেটাল (লেড) পাওয়া গিয়েছে, যা মানবদেহ বিশেষ করে শিশুদের স্বাস্থ্যের জন্য মারাত্মক হুমকিস্বরূপ। এই গুঁড়ো দুধ বাজারে বিক্রি হলে বিদেশ থেকে আমদানির মাধ্যমে দেশে রি-প্যাকিং হয়ে বাজারে বিক্রি হতে পারে। নিরাপদ খাদ্যের নিশ্চয়তা বিধানের লক্ষ্যে আমদানি পর্যায়েই তা নিয়ন্ত্রণ করা একান্ত জরুরী। আমদানি করা গুঁড়ো দুধের প্রতিটি চালান বন্দর হতে খালাস করে ল্যাব টেস্টে সীসা (লেড) পরীক্ষার ফলাফল না আসা পর্যন্ত গুঁড়ো দুধের প্রচারণা নিষেধ করা হবে এবং কোন অবস্থাতেই বাজারজাত করা হবে না মর্মে প্রতিটি আমদানিকারক কর্তৃক অঙ্গীকারনামা গ্রহণপূর্বক চালান খালাস করতে হবে।

আমদানি করা প্রতিটি চালানের নমুনা যথাযথভাবে সংগ্রহ করে ঢাকাস্থ এটমিক এনার্জি সেন্টার, শাহবাগ, বিসিএসআইআর (সায়েন্স ল্যাব), এলিফ্যান্ট রোড, আইপিএইচ (ইস্টিটিউট অব পাবলিক হেলথ), মহাখালী পরীক্ষাগারকে গুঁড়ো দুধে লেড (চন) এর মাত্রা পরীক্ষার জন্য নির্ধারণ করা হয়েছে।

এমতাবস্থায়, প্রতিটি চালানের নমুনা সীলগালা করে বর্ণিত যে কোন একটি ল্যাবে প্রেরণ করে প্রতিটি চালানের বিপরীতে আমদানিকারক কর্তৃক প্রদত্ত অঙ্গীকারনামা এবং ল্যাব টেস্টের ফলাফলের অনুলিপি চেয়ারম্যান, নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উল্লেখ্য, নিরাপদ খাদ্য আইন, ২০১৩ মোতাবেক বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষকে সকল সংস্থা কর্তৃক সাহায্য ও সহযোগিতা করার আইনগত বাধ্যবাধকতা রয়েছে।

কমিশনার (সকল)
কাস্টম হাউস
জাতীয় রাজস্ব বোর্ড

স্বাক্ষরিত/-
(ড. মোঃ খালেদ হোসেন)
সচিব
ফোন-৫৫১৩৮৬০০